

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৭২

আগরতলা, ১৯ মে, ২০২৪

স্বেচ্ছায় রক্তদান করলেন শিল্প  
ও বাণিজ্য মন্ত্রী সহ ১২৮ জন



ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটির উদ্যোগে আগরতলা গভর্নমেন্ট নার্সিং কলেজে  
আজ স্বেচ্ছা রক্তদান শিবিরের আয়োজন করা হয়। রক্তদান শিবিরে রক্তদান করেন শিল্প ও  
বাণিজ্য শিবিরে মন্ত্রী সাত্ত্বনা চাকমা, স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্তের পত্নী উষা কিরণ  
গিত্তে সহ ১২৮ জন। উপস্থিতি ছিলেন স্বাস্থ্য সচিব কিরণ গিত্তে, ভারপ্রাপ্ত স্বাস্থ্য অধিকর্তা  
প্রফেসর (ডি.) সঞ্জীব কুমার দেববর্মা, পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক অধিকারের ভারপ্রাপ্ত  
অধিকর্তা ডা. অঞ্জন দাস, ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটির প্রকল্প অধিকর্তা ডা.  
সমর্পিতা দন্ত প্রমুখ। রক্তদান করেন ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটির আধিকারিক  
এবং বিভিন্ন স্তরের কর্মচারিগণও। শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রী সাত্ত্বনা চাকমা স্বেচ্ছায়  
রক্তদানে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান। স্বাস্থ্য সচিব কিরণ গিত্তেও তরুণ প্রজন্মকে  
রক্তদানে এগিয়ে আসার আহ্বান জানান। ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটির  
আধিকারিকগণ আশা প্রকাশ করেন আগামীদিনেও সোসাইটি এ ধরনের জনকল্যাণমুখী কর্মকাণ্ড  
ধারাবাহিকভাবে বজায় রাখবে।

\*\*\*\*\*